দৈনিক বাংলা

তারিখ ... [illegible] ... ...
পৃষ্ঠা ২ কলাম ৪ ......

20

# এসএসসি ঃ যশোর বোর্ডে ১৫৫০০ পরীক্ষার্থী ভুয়া

**যশোর ব্যুরো ঃ** চূড়ান্ত বাছাই শেষে যশোর শিক্ষা বোর্ড শনিবার সাড়ে ১৫ হাজার পরীক্ষার্থীকে ভুয়া হিসাবে চিহ্নিত করেছে। দুর্নীতিপরায়ণ কর্মকর্তা-কর্মচারী এদেরকে বেআইনী-ভাবে রেজিস্ট্রেশন দিয়েছিল। এরা এখন ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারিবে না।

যশোর শিক্ষা বোর্ডের অধীন ২ হাজার ৪শ ৭৬টি মাধ্যমিক বিদ্যালয় থেকে এবার ১ লাখ ৬৯ হাজার পরীক্ষার্থী এসএসসি পরীক্ষার আবেদন জানায়। নৈর্ব্যক্তিক প্রশ্নমালার ভিত্তিতে এবারই পরীক্ষা দেয়ার শেষ সুযোগ থাকায় অষ্টম ও নবম শ্রেণীর বহু ছাত্রছাত্রী ভুয়া রেজিস্ট্রেশন গ্রহণ করে। দায়িত্বশীল সূত্র জানায় ঃ এদের সংখ্যা অন্তত ৪০ হাজার। এক একজন পরীক্ষার্থীর কাছ থেকে গড়ে পাঁচ হাজার টাকা করে উৎকোচ নেয়া হয়। এই দুর্নীতির সাথে কিছু শিক্ষকও জড়িত। বোর্ড সূত্রে জানা যায়, ২ হাজার স্কুল থেকেই ভুয়া পরীক্ষার্থীর সন্ধান মিলেছে। ঘটনাটি ধামাচাপা পড়লেও পরে দৈনিক বাংলাসহ অন্যান্য পত্রপত্রিকায় খবর প্রকাশ হলে শিক্ষা বোর্ড তদন্ত শুরু করে।

নিয়ম বহির্ভূতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ১শ ২৪টি মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন দেয়। ওইসব স্কুল থেকে কোন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন পাবার কথা নয়। তবুও সেখান থেকে বিপুলসংখ্যক পরীক্ষার্থী রেজিস্ট্রেশন লাভ করে। শিক্ষা মন্ত্রণালয়ের একজন যুগ্ম সচিবও ঘটনার তদন্ত চালাতে যশোর আসেন। শিক্ষা বোর্ড কমিটির বৈঠকেও একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে। কারা কারা রেজিস্ট্রেশন কেলেংকারীর সাথে জড়িত ওই কমিটি তা খুঁজে বের করবে। ইতিমধ্যে তাদের তদন্ত কাজ শুরু হয়েছে।

এদিকে শিক্ষক সমিতি এবারকার মত পরীক্ষা দেয়ার যে আবেদন জানিয়েছিল, শিক্ষা মন্ত্রণালয় সে আবেদন নাকচ করে দিয়েছে। শিক্ষকরা সোমবার একটি সংবাদ সম্মেলন করবে যশোরে। সেই সম্মেলনে তারা সব ফাঁস করে দেবেন বলে জানা গেছে। বহু শিক্ষক পরীক্ষার্থীদের ভয়ে এলাকা থেকে পালিয়ে গেছেন।